# প্রধানমন্ত্রীর সঙ্গে মিয়ানমার বিষয়ক জাতিসংঘ বিশেষ দূতের সৌজন্য সাক্ষাৎ



ছবি: সংগৃহীত

জাতিসংঘ মহাসচিবের মিয়ানমার বিষয়ক বিশেষ দূত জুলি বিশপ নিউইয়র্কে প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন। জাতিসংঘ সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনে অংশ নিতে বর্তমানে নিউইয়র্কে রয়েছেন প্রধানমন্ত্রী।

মঙ্গলবার (২২ সেপ্টেম্বর) যুক্তরাষ্ট্রের নিউইয়র্কের হায়াত গ্র্যান্ড সেন্ট্রাল হোটেলে তাদের এ সাক্ষাৎ হয়।

আলোচনায় দীর্ঘদিনের রোহিঙ্গা সংকটের টেকসই সমাধানের বিভিন্ন দিক উঠে আসে। সংকট নিরসনে আন্তর্জাতিক সম্প্রদায়ের কার্যকর ভূমিকার প্রয়োজনীয়তা নিয়েও প্রধানমন্ত্রী তারেক রহমান ও জুলি বিশপ আলোচনা করেন।

সাক্ষাৎকালে রোহিঙ্গাদের সম্মানজনক প্রত্যাবাসন নিশ্চিত করার ক্ষেত্রে আন্তর্জাতিক সম্প্রদায়ের সহযোগিতা কামনা করেন প্রধানমন্ত্রী। সংকটের স্থায়ী সমাধানে আন্তর্জাতিক পর্যায়ে কার্যকর উদ্যোগের ওপরও গুরুত্ব দেন তিনি।

LENS ASIA